

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

নম্বরঃ ১৯.০০.০০০০.১১৫.২০.২২৪.১৮-১৮৭

তারিখঃ ০৪ পৌষ ১৪২৬ বাং
১৯ ডিসেম্বর ২০১৯খ্রি

- প্রাপকঃ (১) জনাব এস এম মঈন উদ্দীন আহম্মেদ, প্রোগ্রাম এক্সিকিউটিভ ও কো-অর্ডিনেটর, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি, অর্থ বিভাগ
(২) জনাব শেখ ফরিদ, পরিচালক (অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়
(৩) জনাব মোঃ মেহেদুল ইসলাম, সহকারী সচিব (তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়
(৪) জনাব আবু আহসান মোঃ আমিনুল মোহাইমেন, ডেপুটি টিম লিডার, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি, অর্থ বিভাগ
- বিষয়ঃ বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পরীক্ষামূলকভাবে আইবাস++ চালুকরণের নিমিত্ত গঠিত বিশেষজ্ঞ দলের সদস্যদের সিঙ্গাপুর সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,


নির্দেশিত হয়ে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পরীক্ষামূলকভাবে আইবাস++ চালুকরণের নিমিত্ত গঠিত বিশেষজ্ঞ দলের অনুকূলে আগামী ৩১ ডিসেম্বর, ২০১৯ থেকে ৩ জানুয়ারি, ২০২০ তারিখে সিঙ্গাপুর সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উপরিউক্ত ভ্রমণ নিম্নলিখিত শর্তে সম্পন্ন করতে হবেঃ

- (ক) উক্ত সফরের জন্য আপনি ৩০ ডিসেম্বর, ২০১৯ বা এর নিকটবর্তী সময়ে সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং সফর শেষে ৪ জানুয়ারি, ২০২০ বা এর নিকটবর্তী সময়ে সিঙ্গাপুর হতে ঢাকায় প্রত্যাবর্তন করবেন;
- (খ) বর্ণিত সফরকালীন আপনি সরকারি কাজে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং বেতন ও ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- (গ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- (ঘ) উক্ত সফরের ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বাজেটের প্রাতিষ্ঠানিক কোড '১১৮০১০১১০৪১২৫' এর অর্থনৈতিক কোড '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' থেকে সংকুলান করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হল।

আপনার বিশ্বস্ত



(ওয়ালিদ মোহাম্মদ)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৫৪৬৪৩


ই-মেইলঃ budget@mofa.gov.bd

নম্বরঃ ১৯.০০.০০০০.১১৫.২০.২২৪.১৮-১৮৭

তারিখঃ ০৪ পৌষ ১৪২৬ বাং
১৯ ডিসেম্বর ২০১৯খ্রি

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৪। মহাপরিচালক (প্রশাসন/দক্ষিণ-পূর্ব এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫। দূতালয় প্রধান, বাংলাদেশ হাইকমিশন, সিঙ্গাপুর
৬। সহকারী সচিব (পি-১), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা [মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা



(ওয়ালিদ মোহাম্মদ)

সহকারী সচিব